

বাংলাদেশি রোগীদের জন্য চিকিৎসা ভিসা সহজ করলো চীন

- A Monitor Desk Report

Date: 04 May, 2025



ঢাকা: চীনে চিকিৎসা নিতে ইচ্ছুক বাংলাদেশি রোগীদের জন্য বিশেষ, সহজ ও দ্রুত প্রক্রিয়ার ভিসা ব্যবস্থা চালু করেছে ঢাকাস্থ চীনা দূতাবাস। এই উদ্যোগের আওতায় ভিসার জন্য প্রয়োজনীয় নথিপত্র জমা ও মূল্যায়নের প্রক্রিয়া আরও সহজ করা হয়েছে এবং জরুরি চিকিৎসা ভিসার ক্ষেত্রে "গ্রিন চ্যানেল" সুবিধা চালু করা হয়েছে।

রবিবার দূতাবাসের ওয়েবসাইটে প্রকাশিত এক বিবৃতিতে জানানো হয়, গত মার্চে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মোহাম্মদ ইউনুসের চীন সফরের সময় দুই দেশের মধ্যে স্বাস্থ্য সহযোগিতা ও মানবসম্পদ বিনিময় বাড়ানোর বিষয়ে যে সমঝোতা হয়, তারই ধারাবাহিকতায় এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

নতুন ব্যবস্থার আওতায় বাংলাদেশের বৈধ লাইসেন্সধারী ট্রাভেল এজেন্সিগুলো এখন চিকিৎসার জন্য ভ্রমণকারীদের ব্যাংক ডিপোজিট সার্টিফিকেট ও আত্মীয়তার গ্যারান্টি পত্র ইস্যু করতে পারবে। এর ফলে আর পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদিত সার্টিফিকেট জমা দেওয়ার প্রয়োজন পড়বে না।

এছাড়া ঢাকায় চীনা ভিসা সেন্টারে চিকিৎসা ভিসার জন্য একটি বিশেষ কাউন্টার চালু করা হয়েছে, যেখানে আবেদনকারীরা কোনো ধরনের দীর্ঘ লাইনে না দাঁড়িয়েই আবেদন জমা দিতে পারবেন।

জরুরি চিকিৎসার প্রয়োজন হলে একই দিনে ভিসা প্রদানের সুযোগ রাখা হয়েছে। পূর্বনির্ধারিত সাক্ষাৎকার থাকা রোগীদের অগ্রাধিকার ভিত্তিতে সাক্ষাৎকার গ্রহণের সুযোগ দেওয়া হবে। রোগী যদি শারীরিকভাবে উপস্থিত হতে না পারেন, সেক্ষেত্রে নির্দিষ্ট ট্রাভেল এজেন্সির গ্যারান্টি পত্রের ভিত্তিতে অনলাইন সাক্ষাৎকার গ্রহণের সুযোগও থাকছে।

চিকিৎসা ভিসা সংক্রান্ত যেকোনো অনুসন্ধানের জন্য চালু করা হয়েছে একাধিক যোগাযোগ ব্যবস্থা:

- চীনা দূতাবাসের হটলাইন: ০২২২২২৬০১০৩, ০১৭০৮৪৬৪৮০৯
- ভিসা আবেদন পরিষেবা কেন্দ্র: (তৃতীয় তলা, প্রসাদ ট্রেড সেন্টার, ৬ কামাল আতাতুর্ক অ্যাভিনিউ, বনানী, ঢাকা) -০২২২৬৬০৩২৬১
- হোয়াটসঅ্যাপ পরিষেবা গ্রুপ: ০১৮৮৫০৪১৩৬৪

চীনা দূতাবাসের পক্ষ থেকে আশা প্রকাশ করা হয়েছে, এই নতুন উদ্যোগের ফলে বাংলাদেশি রোগীদের চিকিৎসা ভিসা পাওয়া আরও সহজ হবে এবং দুই দেশের মধ্যে জনস্বাস্থ্যখাতে সহযোগিতা আরও জোরদার হবে।

-N